হাজীদের পানি পান করানোর আব্বাস ইবন আব্দুল মুত্তালিব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট মিনার দিনগুলোতে মক্কায় রাত কাটানোর অনুমতি প্রার্থনা করলে তিনি তাকে অনুমতি দিলেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “হাজীদের পানি
পান করানোর আব্বাস ইবন আব্দুল মুত্তালিব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট মিনার দিনগুলোতে মক্কায় রাত কাটানোর অনুমতি প্রার্থনা করলে
তিনি তাকে অনুমতি দিলেন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আইয়ামুত তাশরীকের দিনগুলোতে মিনায় রাত্রি যাপন করা হজের একটি অন্যতম ওয়াজিব যা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নিজে করেছেন। কেননা উপরোক্ত দিন ও রাতগুলো মিনাতে যাপন করা আল্লাহর আনুগত্য ও হজের নিদর্শনসমূহের একটি নিদর্শন। অন্যদিকে হাজীদেরকে পানি পান করানোও আল্লাহর নৈকট্য লাভের একটি উপায়। কেননা এ কাজটি আল্লাহর ঘরে হজ করতে আসা হাজীগণ ও মেহমানদের খিদমত। তাই নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম স্বীয় চাচা আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুকে মিনায় রাত যাপন না করারা অনুমতি দিয়েছেন যাতে তিনি পান করানোর দায়িত্ব পালন করেন। এটি ছিল সামগ্রিক কল্যাণকর কাজ। যাতে প্রমাণিত হয় অন্য কেউ ছিল না যে তার মতো কাজটি করতে পারবে। আর যার কোন সমস্যা নেই সে এ বিশেষ ছাড় পাবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/3108